

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়
ময়মনসিংহ গণপূর্ত সার্কেল
ময়মনসিংহ
ফোন : ০৯১-৬৭১৭০, ফ্যাক্স : ০৯১-৬১০৭৫
www.pwd.gov.bd



"মুজিব বর্ষের অঙ্গিকার
গণপূর্ত টেকসই উন্নয়নের রূপকার"

স্মারক নং-এমসি/ ৪০৬

তারিখ : ১৬ আষাঢ় ১৪২৮ বঙ্গাব্দ
৩০ জুন ২০২১ খ্রিস্টাব্দ

বিষয় : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য শিক্ষা ও স্বাস্থ্য সেবা বিভাগের গণপূর্ত অধিদপ্তরের মাধ্যমে বাস্তবায়নযোগ্য ২০২০-২০২১ অর্থ বছরের ওপি/ বিশেষ মেরামত এর আওতায় অনুমোদনকৃত কাজগুলি যথাযথভাবে সম্পাদিত হচ্ছে কিনা তা নিশ্চিত করণ প্রসঙ্গে।

সূত্র : অত্র দপ্তরের স্মারক নং-এমসি/১৪১১, তারিখ-১১/০২/২০২১ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের আলোকে জানানো যাচ্ছে যে, বর্তমান সরকার স্বাস্থ্য শিক্ষা ও সেবার উন্নয়নে দৃঢ় প্রতিজ্ঞ; তারই ধারাবাহিকতায় প্রতিটি গণপূর্ত বিভাগের অধীনে বাস্তবায়নের নিমিত্তে বেশ কিছু প্রয়োজনীয় বিশেষ মেরামত কাজের প্রশাসনিক/ কারিগরী অনুমোদন প্রদানসহ দরপত্র অনুমোদন করা হয়েছে। উক্ত কাজগুলি যথাযথভাবে বাস্তবায়ন করা আমাদের পবিত্র দায়িত্ব ও কর্তব্য। জনগুরুত্বপূর্ণ প্রতিটি কাজে প্রত্যাশী সংস্থা সন্তুষ্ট কিনা তার সঠিক মূল্যায়ন নিশ্চিত করা একান্ত আবশ্যিক। মাঠ পর্যায়ে কাজগুলি যথাযথভাবে বাস্তবায়নে ত্রুটি আছে কিনা তা মনিটরিং করে তার অগ্রগতি ও গুণগতমান যাচাই করতে হবে। কাজগুলি বাস্তবায়নের পূর্বে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর নির্দেশনা অনুযায়ী প্রকল্প স্থানের প্রিওয়ার্ক এর ধারণকৃত স্থির এবং ভিডিও চিত্র কাজ শেষে অনুরূপ স্থানের স্থির এবং ভিডিও চিত্র গ্রহণকরতঃ তুলনা করতে হবে। ধারণকৃত স্থির ও ভিডিও চিত্র যে কোন সময় উদ্ধৃতন কর্তৃপক্ষের অবলোকন ও যাচাইয়ের জন্য প্রস্তুত রাখতে হবে।

স্বাস্থ্য শিক্ষা ও সেবা বিভাগের ওপি এবং বিশেষ মেরামত কাজগুলির কাজের মান, পরিমাপ, সংখ্যা ইত্যাদি প্রত্যাশি সংস্থার চাহিদা মোতাবেক সম্পন্ন করে প্রত্যাশি সংস্থার নিকট হতে কাজ সমাপ্তির সন্তোষজনক প্রত্যয়নপত্র আবশ্যিকভাবে গ্রহণ করতে হবে এবং অত্র দপ্তরে তার অনুলিপি প্রেরণ করতে হবে।

বিষয়টি অতীব জরুরী।

২০৬
৩০.৬.২০২১
(এ. কে. এম. কামরুজ্জামান)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
ময়মনসিংহ গণপূর্ত সার্কেল
ময়মনসিংহ

e-mail : se_mymen@pwd.gov.bd

নির্বাহী প্রকৌশলী

গণপূর্ত বিভাগ, ময়মনসিংহ/ কিশোরগঞ্জ/ নেত্রকোণা।

বিতরণ :

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ময়মনসিংহ গণপূর্ত জোন, ময়মনসিংহ- সদয় অবগতির জন্য;
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিপিপি), গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা;
- ৩। অফিস কপি।